# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ২৮৪

১/ বিবিধ

আরবী

يا معاذ إني مرسلك إلى قوم أهل كتاب، فإذا سئلت عن المجرة التي في السماء فقل: هي لعاب حية تحت العرش

موضوع

أخرجه الطبراني (1 / 176 / 1) والعقيلي (3 / 449) وابن عدي (263 / 1) من طريق الفضل بن المختار عن محمد بن مسلم الطائفي عن ابن أبي نجيح عن مجاهد عن جابر بن عبد الله مرفوعا

أورده ابن الجوزي في " الموضوعات " (1 / 142) وقال: الفضل منكر الحديث، وقال الحافظ ابن كثير في " البداية والنهاية " (1 / 39) : هذا حديث منكر جدا، بل الأشبه أنه موضوع، وراويه الفضل بن المختار هذا أبو سهل البصري قال فيه أبو حاتم الرازي: هو مجهول، حدث بالأباطيل، وقال الحافظ أبو الفتح الأزدي: منكر الحديث جدا، وقال ابن عدي: لا يتابع على أحاديثه لا متنا وإسنادا

قلت: وقد ساق له الذهبي أحاديث ثم قال: فهذه أباطيل وعجائب.

وأورده ابن الجوزي من طريق أخرى عن معاذ بن جبل مرفوعا نحوه، رواه العقيلي في ترجمة عبد الأعلى بن حكيم (253) وقال: هذا الحديث غير محفوظ، وعبد الأعلى مجهول بالنقل

وفيه أبو بكر بن أبي سبرة متروك وسليمان بن داود الشاذكوني وهو متهم

وقال الذهبي في ترجمة عبد الأعلى هذا: وهذا إسناد مظلم، ومتن ليس بصحيح

বাংলা

২৮৪। হে মু'য়াজ! আমি তোমাকে কিতাবধারী (আহলে কিতাব) সম্প্রদায়ের নিকট প্রেরণ করেছি। অতএব তুমি যদি আসমানে পানি প্রবাহিত হওয়ার স্থানের ব্যাপারে জিজ্ঞাসিত হও, তাহলে বলবে, সেগুলো হচ্ছে আরশের নিচের সাপের লালা।

হাদীসটি জাল।

এটি তাবারানী (১/১৭৬/১), উকায়লী (৩/৪৪৯) ও ইবনু আদী (১/২৬৩) ফাযল ইবনুল মুখতার সূত্রে ... বর্ণনা করেছেন। ইবনুল জাওযী হাদীসটি “আল-মাওযু'আত” গ্রন্থে (১/১৪২) উল্লেখ করে বলেছেনঃ ফাযল মুনকারুল হাদীস। হাফিয ইবনু কাসীর “আল-বিদায়া ওয়ান নিহায়া” গ্রন্থে (১/৩৯) বলেছেনঃ এ হাদীসটি নিতান্তই মুনকার, বরং এটি মাওযূর সাথে বেশী সাদৃশ্যপূর্ণ।

তার বর্ণনাকারী ফাযল ইবনু মুখতার হচ্ছেন আবু সাহাল আল-বাসরী। তার সম্পর্কে আবূ হাতিম আর-রাযী বলেনঃ তিনি মাজহুল, বাতিল হাদীস বর্ণনা করেছেন। আবুল ফাতাহ আল-আযদী বলেনঃ তিনি নিতান্তই মুনকারুল হাদীস। ইবনু আদী বলেনঃ তার হাদীসগুলোর অনুসরণ করা যায় না, না ভাষার না সনদের।

আমি (আলবানী) বলছিঃ যাহাবী তার কতিপয় হাদীস উল্লেখ করে বলেছেনঃ এগুলো বাতিল এবং আশ্চর্যজনক । ইবনুল জাওযী অন্য একটি সূত্রেও হাদীসটি উল্লেখ করেছেন। যেটি উকায়লী আব্দুল আ'লা ইবনু হাকিমের জীবনী বর্ণনা করতে গিয়ে (২৫৩) উল্লেখ করে বলেছেনঃ এ হাদীসটি নিরাপদ নয়, বর্ণনা করার ক্ষেত্রে আব্দুল আ'লা মাজহুল। এটির সনদে আবু বাকর ইবনু আবী সাবুরা রয়েছেন; তিনি মাতরূক। এছাড়া সুলায়মান ইবনু দাউদ শাযবুনীও রয়েছেন, তিনি হচ্ছেন মিথ্যার দোষে দোষী।

যাহাবী আব্দুল আ'লার জীবনী বর্ণনা করতে গিয়ে বলেনঃ এটির সনদ অন্ধকারাচ্ছন্ন। ভাষাও সহীহ নয়।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5544

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন